



স্মারক নং-বিইউ/রেজি/পরিবহন পুল/নোটিস-০৮/২০২০/৭৪৪

০৪ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**এসএসসি পরীক্ষার দিনগুলোতে শিক্ষার্থীদের ১ ও ২নং রুটের পরিবহন সংক্রান্ত নোটিস**

বরিশাল বিশ্ববিদ্যালয়ের যে সকল শিক্ষার্থী ১নং ও ২নং রুটে চলাচল করেন তাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরিশাল মেট্রোপলিটন ট্রাফিক পুলিশ কর্তৃপক্ষ ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের সকালে পরীক্ষা শুরুর আগে বাংলাবাজার ও বটতলা এলাকার ট্রাফিক জ্যাম পরিহার করে নির্বিঘ্নে পরীক্ষার কেন্দ্রে পৌঁছানোর সুবিধার্থে তত্ত্বীয় পরীক্ষার দিনগুলোতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের গাড়িসমূহকে সকাল ৯:১৫ মিনিট থেকে ৯:৪৫ মিনিট পর্যন্ত উক্ত রুট দুইটি পরিহার করতে অনুরোধ করেছেন। ট্রাফিক পুলিশের অনুরোধ ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৮, ২০, ২২, ২৫, ২৭, ২৮ ও ২৯ ফেব্রুয়ারি এবং ০৩, ০৫, ০৬, ০৭, ১০, ১১ ও ১২ মার্চ তারিখের এসএসসি পরীক্ষার দিনগুলোতে ১নং রুটের বিআরটিসি-০৪ ও ০৫ বাস দুটি সকাল ৯:২০ মিনিটের (বরিশাল ক্লাব থেকে) পরিবর্তে ৯:৪৫ মিনিটে এবং ২নং রুটের সুগন্ধা মিনিবাসটি ৯:১৫ মিনিটের (নতুন বাজার থেকে) পরিবর্তে ৯:৪৫ মিনিটে ক্যাম্পাসের উদ্দেশ্য ছেড়ে আসবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(মোঃ মেহেদী হাসান)

ম্যানেজার

পরিবহন পুল

বরিশাল বিশ্ববিদ্যালয়

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতানুসারে নয়):

- ১। রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
- ২। বিভাগীয় চেয়ারম্যান, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৩। প্রিন্সিপাল অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৫। ভিসি মহোদয়ের ব্যক্তিগত সচিব, বরিশাল বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সহকারী রেজিস্ট্রার, হলসমূহ, বরিশাল বিশ্ববিদ্যালয় (প্রাধ্যক্ষ মহোদয়ের সদয় অবগতির জন্য এবং হলের শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ)।
- ৭। সহকারী রেজিস্ট্রার, ডিন অফিসসমূহ, বরিশাল বিশ্ববিদ্যালয় (ডিন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার মহোদয়ের কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয় (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। নোটিস বোর্ড ও বাসসমূহ বরিশাল বিশ্ববিদ্যালয়।
- ১০। সংশ্লিষ্ট নথি।